



বাংলাদেশ টেকনিক্যাল বিশ্ববিদ্যালয়

তেজগাঁও, ঢাকা-১২০৮

স্মারক নং- বাটেবি/একা/১১৪/২০১৫/৪৮৯

তারিখ : ১৫/১২/২০১৬

বিজ্ঞপ্তি

গত ১৮/১১/২০১৬ তারিখে অনুষ্ঠিত বি.এসসি. ইন টেকনিক্যাল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম লেভেল-১ টার্ম-১ (সেশন: ২০১৬-১৭) এ ভর্তি পরীক্ষার মাধ্যমে নির্বাচিত ও ভর্তি ইচ্ছুক প্রার্থীসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাদেরকে বিভাগ নির্ধারণপূর্বক ভর্তির জন্য নিম্নোক্ত সময়-সূচী অনুযায়ী অত্র বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

মেধাক্রম	সাক্ষাৎকারের তারিখ ও সময়	স্থান
১২২৯ থেকে ১২৮৬ (নির্বাচিত)	২১/১২/২০১৬ তারিখ বুধবার সকাল ৮:৩০ টা থেকে সকাল ৯:৩০ টা	বাংলাদেশ টেকনিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষ
১২৮৭ থেকে ১৪৪০ (আসন শূন্য থাকা সাপেক্ষে মেধা ক্রমানুসারে ভর্তি করা হবে)	২১/১২/২০১৬ তারিখ বুধবার সকাল ৯:৩০ টা থেকে সকাল ১১:৩০ টা	
মুক্তিযোদ্ধা কোটা ৩৬ ও ৩৭ (নির্বাচিত)	২১/১২/২০১৬ তারিখ বুধবার সকাল ৮:৩০ টা থেকে সকাল ৯:৩০ টা	
৩৮ থেকে ৪৪ (আসন শূন্য থাকা সাপেক্ষে মেধা ক্রমানুসারে ভর্তি করা হবে)	২১/১২/২০১৬ তারিখ বুধবার সকাল ৯:৩০ টা থেকে সকাল ১১:৩০ টা	

২। প্রার্থীদেরকে ভর্তির সময় নিরীক্ষা ও জমাদানের জন্য এসএসসি ও এইচএসসি পরীক্ষাদায়ের মূল মার্কসীট, টেস্টিমোনিয়াল, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং এইচএসসি'র রেজিস্ট্রেশন কার্ড এর মূলকপি সঙ্গে আনতে হবে। বিভাগ নির্ধারণের পর ভর্তির সময় ভর্তি ফরমের সাথে ০১ কপি পাসপোর্ট সাইজ ছবি, এসএসসি ও এইচএসসি পরীক্ষাদায়ের মার্কসীট ও টেস্টিমোনিয়াল এর সত্যায়িত কপি এবং স্থানীয় ইউনিয়ন কাউন্সিলের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কোন গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত পিতা বা অভিভাবকের বাৎসরিক মোট আয়ের সনদ জমা দিতে হবে। কোন প্রার্থী মেডিক্যাল পরীক্ষায় সুস্থতার সনদ গ্রহণে ব্যর্থ হলে তাকে ভর্তির অযোগ্য বলে গণ্য করা হবে। বিভাগ নির্ধারণের পর প্রার্থীকে উক্ত তারিখেই ভর্তি হতে হবে। অন্যথায় তার নির্বাচন বাতিল বলে গণ্য হবে। ভর্তির সময় মেডিক্যাল ফি বাবদ ২০০/- (দুই শত) টাকা এবং ভর্তির জন্য ১৯,৭০০/- (উনিশ হাজার সাতশত) টাকা অফিস চলাকালীন সময়ে (সকাল ৮:৩০টা হতে বিকাল ৪:০০টা) অত্র বিশ্ববিদ্যালয়ে অর্থ ও হিসাব শাখায় জমা দিতে হবে।

৩। মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত সকল প্রার্থীকে সাক্ষাৎকার ও বিভাগ নির্ধারণ এর জন্য উল্লেখিত কাগজপত্রাদি ছাড়াও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্রের মূলকপি এবং ০১ (এক) কপি সত্যায়িত অনুলিপি সংগে আনতে হবে।

উল্লেখ্য যে, ভর্তি ফি অর্থ ও হিসাব শাখায় জমা দেওয়ার পর ফি জমাদানের রশিদের ০১ (এক) কপি যথাযথভাবে পূরণকৃত ভর্তি ফরমের সাথে সংযুক্ত করে একাডেমিক শাখায় জমা দিতে হবে।

৪। ভর্তি কমিটির সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(অধ্যাপক মোঃ মনিরুল ইসলাম)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ : ১৫/১২/২০১৬

স্মারক নং- বাটেবি/একা/১১৪/২০১৫/৪৮৯

অনুলিপি- অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। সকল ডীন, বাটেবি।
- ২। সকল বিভাগীয় প্রধান, বাটেবি।
- ৩। পরিচালক (শিক্ষার্থী কল্যাণ), বাটেবি।
- ৪। হল প্রভোস্ট, সকল হল, বাটেবি।
- ৫। প্রক্টর, বাটেবি।
- ৬। সভাপতি, আই. টি সাপোর্ট কমিটি (সেশন: ২০১৬-১৭), বাটেবি (এস.এম.এস এর মাধ্যমে সংশ্লিষ্ট নির্বাচিত প্রার্থীদেরকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল), বাটেবি।
- ৭। উপ পরিচালক, অর্থ ও হিসাব, বাটেবি।
- ৮। মেডিক্যাল অফিসার, বাটেবি।
- ৯। সেকশন অফিসার, ভিসি অফিস (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বাটেবি।
- ১০। বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড, বাটেবি।
- ১১। সংশ্লিষ্ট নথি, বাটেবি।

(কাবেরী মজুমদার)

ডেপুটি রেজিস্ট্রার